

# যুগান্তর

## এসএসসি পরীক্ষা শুরু কাল, জুনের শেষে এইচএসসি

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১৪ ফেব্রুয়ারি ২০২৪, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)



২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা শুরু হবে কাল থেকে। সূচি অনুযায়ী কাল এসএসসি পরীক্ষা বাংলা ১ম পত্র দিয়ে শুরু হবে। শিক্ষা বোর্ডের রুটিন অনুযায়ী, পরীক্ষা শেষ হবে ১২ মার্চ। ব্যবহারিক পরীক্ষা ১৩ মার্চ থেকে ২০ মার্চের মধ্যে অনুষ্ঠিত হবে।

এদিকে চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার সময়সূচি ঠিক করার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠাবে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। মন্ত্রণালয়ের নির্দেশনা পেলে জুনের শেষ সপ্তাহে পরীক্ষার তারিখ ঘোষণা করা হবে। আন্তঃশিক্ষা বোর্ড সূত্রে এ তথ্য জানা গেছে।

এসএসসি পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের সহায়তায় ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ‘কুইক রেসপন্স টিম’ প্রস্তুত থাকবে। যে কোনো অসুবিধা মোকাবিলা করতে এ টিমের সদস্যরা প্রস্তুত থাকবেন বলে জানিয়েছেন ডিএমপির অতিরিক্ত কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান। মঙ্গলবার ডিএমপির মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান।

মুনিবুর রহমান বলেন, এসএসসি পরীক্ষায় উল্লেখযোগ্যসংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করে। এ পরীক্ষা আমাদের জন্য গুরুত্বপূর্ণ ইভেন্ট। এর সঙ্গে যারা সম্পৃক্ত, তাদের আমরা সহযোগিতা করার চেষ্টা করে থাকি। এ উপলক্ষ্যে আমরা বেশকিছু পরিকল্পনা গ্রহণ করেছি। পরীক্ষার্থীদের যে কোনো অসুবিধা মোকাবিলা করতে ডিএমপির ট্রাফিক বিভাগের প্রতিটি জোনে আলাদা আলাদা ‘কুইক রেসপন্স টিম’ গঠন করা হবে। এছাড়াও যে কোনো জরুরি প্রয়োজনে ট্রিপল নাইনে (৯৯৯) কল করে সহায়তার আহ্বান জানানো যাবে। পরীক্ষা শুরুর আগে পরীক্ষার্থী ও অভিভাবকদের সড়ক-মহাসড়কের যানজটের বিষয়টি মাথায় রেখে পর্যাপ্ত সময় হাতে নিয়ে বাসা থেকে বের হওয়ার জন্য অনুরোধ জানান তিনি।

এবার এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার্থী ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন। ২৯ হাজার ৭৩৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা তাতে অংশ নেবে। তিন হাজার ৭০০ কেন্দ্রে হবে এ পরীক্ষা।

কেন্দ্রের আশপাশে অস্ত্র-বিস্ফোরক দ্রব্য বহন নিষিদ্ধ : বরিশাল ব্যুরো জানায়, এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নে কেন্দ্র ও আশপাশে অস্ত্র-গোলাবারুদ-বিস্ফোরক দ্রব্য বহন নিষিদ্ধ করেছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। মঙ্গলবার দুপুরে বিএমপি কমিশনার জিহাদুল কবির এ সংক্রান্ত একটি গণবিজ্ঞপ্তি জারি করেন। এ গণবিজ্ঞপ্তি কাল থেকে ১৪ মার্চ পর্যন্ত পরীক্ষা চলাকালীন দিন ও সময়ের জন্য কেন্দ্রের সংশ্লিষ্ট এলাকায় বলবৎ থাকবে।

এইচএসসি পরীক্ষা : আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার বলেন, জুনের শেষ সপ্তাহ থেকে এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু করা হতে পারে। আমরা সেভাবেই প্রস্তুতি নিচ্ছি। তিনি আরও বলেন, এইচএসসি ও সমমান পরীক্ষার খসড়া রুটিন এখনো তৈরি করা হয়নি। বিষয়টি নিয়ে কাজ চলছে। খসড়া রুটিন তৈরির পর তা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে। এরপর মন্ত্রণালয় অনুমোদন দিলে শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

শিক্ষাবোর্ড সূত্র বলছে, এ বছরের এইচএসসি পরীক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষার ফল মার্চে প্রকাশ করা হবে। এরপর ফরম পূরণ শুরু হবে। ওই সময় পরীক্ষার খসড়া রুটিন তৈরি করে তা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদন পেলে পরীক্ষা শুরু হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

